গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

12 MAY 2015

স্মারক নং-২৫.০৩১.০১৪.০৩.০০.০২৫.২০১২-১৪৫

তারিখ: ০৪/০৫/২০১৫ খ্রি:
২১/০১/১৪২২ ব:

**বিষয়: ক্রয় প্রস্তাব/Variation প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ প্রসঙ্গে।**

0 6 MAY 2015

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ থেকে প্রাপ্ত ক্রয় প্রস্তাব/Variation প্রস্তাবসমূহে ছোট-খাটো ত্রুটি-বিচ্যুতি/কাগজ-পত্র সংযুক্তির ঘাটতি থাকায় তা সংশোধন/সংস্থা থেকে পুন:সংগ্রহ করে প্রস্তাব প্রক্রিয়াকরণে বিলম্ব হয়ে থাকে, যা পরিহার করার লক্ষ্যে সংস্থাসমূহ থেকে ক্রয় প্রস্তাব/Variation প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সাধারণভাবে নিম্নলিখিত বিষয়সমূহ প্রতিপালন/সংযোজন করে প্রেরণের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) কাজটি অনুমোদিত প্রকল্প দলিলে আছে কিনা/সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ আছে কিনা ও কাজটির জন্য কত টাকার অনুমোদন রয়েছে ইত্যাদি তথ্য প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে;
(২) কাজটি বাৎসরিক ক্রয় পরিকল্পনাভুক্ত কিনা, তার কপি সংযুক্ত করতে হবে;
(৩) অফিসিয়াল প্রাক্কলন কিসের ভিত্তিতে করা হয়েছে, তা উল্লেখ করতে হবে;
(৪) দরপত্র মূল্যায়ন কমিটি এবং দরপত্র উন্মুক্তকরণ কমিটি পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুযায়ী করা হয়েছে কিনা, তা উল্লেখ করতে হবে;
(৫) কোন্ পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়া শুরু করা হয়েছে, কতগুলো Schedule বিক্রি হয়েছে ও কতটি জমা পড়েছে তা উল্লেখ থাকতে হবে;
(৬) Single Tender হলে কিংবা Single Responsive দরপত্র হলে তা বিবেচনার ক্ষেত্রে TEC এর মূল্যায়নে যৌক্তিকতা প্রদানসহ সুপারিশে উল্লেখ করতে হবে;
(৭) দরদাতার উদ্ধৃত দরে গাণিতিক সংশোধন থাকলে দরদাতার সম্মতি পত্র ক্রয় প্রস্তাবে সংযুক্ত করতে হবে। গাণিতিক সংশোধনের ক্ষেত্রে TEC'র প্রতিবেদনে দরদাতার সম্মতি পাওয়ার বিষয়টি উল্লেখ থাকতে হবে;
(৮) IFT তে চাহিত criteria যথাযথভাবে নিশ্চিত করতে হবে এবং উক্ত criteria এর ভিত্তিতে দরপ্রস্তাব মূল্যায়ন করা হয়েছে কিনা তা TEC প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে;
(৯) TEC'র সদস্যদের পক্ষপাতীত্বতার বিষয়ে এককভাবে এবং যৌথভাবে ঘোষণাপত্র ক্রয়প্রস্তাবের সাথে থাকতে হবে;
(১০) যে ক্রয় প্রস্তাব CCGP তে প্রেরণ করতে হবে সেগুলোর সাথে ক্রয়কারী কার্যালয় প্রধানের প্রত্যয়ন প্রেরণ করতে হবে;
(১১) Tender Validity Period পর্যাপ্ত থাকতে হবে এবং Tender Validity Period সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ প্রস্তাবে উল্লেখ থাকতে হবে;
(১২) ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণের ক্ষেত্রে TEC এর সুপারিশহসহ পিপিআর-২০০৮ এর বিধি-৩৬(৩)(ক)(২)(৩) যথাযথভাবে পালন করে প্রেরণ করতে হবে;
(১৩) Variaion প্রস্তাবে Tender/Non-tender item এর পরিমাণের পরিবর্তন এবং ব্যয়ের পরিবর্তন, অর্থের সংস্থান সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে, delegated work এর variation প্রস্তাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সম্মতি থাকতে হবে;
(১৪) প্যাকেজ/লট ভাগ করার ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর ১৭ বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(সুব্রত শিকদার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫১২২০৭
ই-মেইল: subrata.sikder@gmail.com


অনুলিপি জনগণের জন্য প্রেরণ করা হলো।
বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
সভায় যোগদান করুন এবং কার্য বিবরণী অবহিত করুন
... পর্যালোচনা প্রতিবেদন পেশ করুন।
... মতামতসহ প্রতিবেদন দিন।
পরীক্ষা করে পেশ করুন।
নথিতে পেশ করুন।
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিডিএ ভবন, চট্টগ্রাম।
৬. চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, কেডিএ ভবন, খুলনা।
৭. চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, আরডিএ ভবন, রাজশাহী।
৮. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস সালাম, মিরপুর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তর
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
12 MAY 2015
ডাইরী নং ২৮০২
গৃহীত

**অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।**
**তঃ প্রঃ (সমন্বয়), সম্পদ শাখা।**

স্মারক নং-সম্পদ.২৫.৩৬.০০০০.২২০.২৬.এম.সি.১.১৫/ ১২৭ (৫০)

তাং ২০ /০৫/২০১৫ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ